

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.২০.০০৭.২৩.২০৮০

তারিখঃ

২১ কার্তিক ১৪৩০

০৬ নভেম্বর ২০২৩

প্রেরকঃ মোঃ একরামুল হক শামীম
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কক্ষ নং- ৫০৩, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ চলতি ২০২৩-২৪ অর্থবছরে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসমূহকে “৩২১১১৩১- আউটসোর্সিং” খাতে অর্থ বরাদ্দ

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে “১২১০৫০৪০০০০০০- নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসমূহ”, এর কোডের অধীন “৩২১১১৩১-আউটসোর্সিং” খাতে নিম্নবর্ণিত ট্রাইব্যুনালসমূহের চাহিদার প্রেক্ষিতে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর আলোকে উল্লিখিত সেবা মূল্য পরিশোধ করার জন্য ছকে বর্ণিত বিভাজন অনুযায়ী শর্ত প্রতিপালন সাপেক্ষে বকেয়া অর্থ ছাড় করণের সম্মতি জ্ঞাপন করা হলো।

শর্তাবলী :

- (ক) সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করতে হবে;
- (খ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসেবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
- (গ) জনপ্রতি সেবামূল্য নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের ১০.০৬.২০১৯ তারিখের ২৫৯ নং পরিপত্র অনুসরণ করতে হবে। সেবামূল্যের পরিমাণ বেশি হলে বিল পরিশোধের পূর্বেই আবশ্যিকভাবে এ বিভাগকে অবহিত করতে হবে;
- (ঘ) অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতিপত্র ব্যতিত কোন ধরনের আউটসোর্সিং সেবা গ্রহণ করা যাবে না;
- (ঙ) হালনাগাদ চুক্তিপত্র ব্যতিত কোনো ধরনের সেবা মূল্য পরিশোধ করা যাবে না;
- (চ) আউটসোর্সিং সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর অধীন নির্ধারিত সেবাসমূহ ক্রয়ের ক্ষেত্রে এ বিভাগের সম্মতি থাকতে হবে;
- (ছ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রাপ্য সার্ভিস চার্জ বা কমিশন থেকে আয়কর কর্তন করতে হবে, উক্ত আয়কর সেবা গ্রহণকারী কর্তৃপক্ষ প্রদান করবে না;
- (জ) বর্তমান বরাদ্দ হতে চলতি অর্থবছরের জন্য অর্থ ব্যয় করতে হবে। পূর্বের অর্থবছরের বকেয়া পরিশোধের ক্ষেত্রে এ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;
- (ঝ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন/২০২৪ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে।

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল এর
অফিস সহায়ক এর বকেয়া বেতন

ক্রঃ নং	আদালত/ ট্রাইব্যুনালের নাম	সেবার নাম ও সংখ্যা	মাসিক ন্যূনতম সেবামূল্য	সার্ভিস চার্জ	ভ্যাট কর্তন (১৫% হারে সেবাক্রয়কা রী কর্তৃক প্রদেয়)	০১ মাসে মোট প্রদেয় অর্থের পরিমাণ	প্রদেয় অর্থের পরিমাণ	সার্ভিস চার্জ হতে প্রতিমাসে আয়কর কর্তন ১০% হারে (সেবা প্রদানকারী কর্তৃক প্রদেয়)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১.	ব্রাহ্মণবাড়িয়া-০৩	অফিস সহায়ক-০১ জন	১৬,১৩০	১৬১৩	২৬৬২	২০,৪০৫	৮১,৬২০/- (০৪ মাসের বকেয়া)	১৬২	১৭/০২/২০২১ তারিখে অফিস সহায়ক পদ আউটসোর্সিং এর পরিবর্তে রাজস্ব খাতে সৃষ্টি হয়েছে। নবসৃষ্টিত পদে ০৩ (তিন) বছরের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার বিধান রয়েছে। অতিসত্তর রাজস্ব খাতে কর্মচারী নিয়োগ করতে হবে এবং আউটসোর্সিং এর চুক্তিপত্র বাতিল করতে হবে।

স্বাঃ/-

(মোঃ একরামুল হক শামীম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫৭৬৫ (অ)।

ইমেইল-lawjusticediv.budget@gmail.com

তারিখঃ ০৬/১১/২০২৩ খ্রিঃ

নং-১০.০০.০০০০.১২৬.২০.০০৭.২৩.২০৮০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

- ১। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-০৩, ব্রাহ্মণবাড়িয়া।
- ২। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ব্রাহ্মণবাড়িয়া
- ৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মোঃ একরামুল হক শামীম)

সিনিয়র সহকারী সচিব